

Total number of printed pages-7

63/1 (SEM-5) CC12/BENHC5126

2023

BENGALI

Paper : BENHC5126

(Bengali Literature of N. E. India)

Full Marks : 80

Pass Marks : 32

Time : Three hours

***The figures in the margin indicate
full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলোর শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো : (যে-
কোনো ছয়টি) ১×৬=৬

(ক) 'মা তুমি শিগগির ফিরে এসো' কবিতা কোন্ নদীর কথা
বলা হয়েছে?

(i) বাগমতী নদী

(ii) উমখা নদী

(iii) মেঘনা নদী

(iv) কোশী নদী

Contd.

(খ) 'শুনেছি আমি যৌবনের গান' — কোন্ মাসে যৌবনের গান শোনার কথা বলা হয়েছে?

(i) বৈশাখ

(ii) জৈষ্ঠ

(iii) আষাঢ়

(iv) শ্রাবণ

(গ) 'লামডিঙের বউ' — অংশটুকু কোন্ কবিতার অন্তর্গত?

(i) উদ্বাস্তর ডায়েরি

(ii) অবস্থান

(iii) ঘুম ভাঙানিয়া

(iv) দেশ

(ঘ) কত সালের ভোটার তালিকায় আমিরুদ্দিন পরিবারের নাম অন্তর্ভুক্ত রয়েছে?

(i) ১৯৮৮

(ii) ১৯৮৯

(iii) ১৯৯০

(iv) ১৯৯১

(ঙ) 'বুকন' কোথায় চলে গেছে?

(i) কলকাতা

(ii) দিল্লী

(iii) আসাম

(iv) ব্যাঙ্গালোর

(চ) মিছিলে আসা আদিবাসী মেয়েটির বয়স কত ছিল?

(i) তেরো

(ii) চৌদ্দ

(iii) পনেরো

(iv) ষোল

(ছ) বাংলাদেশের কততম শহিদদের ভূমিতে কবির বাসস্থান?

(i) পঞ্চদশ

(ii) দ্বাদশ

(iii) ত্রয়োদশ

(iv) চতুর্দশ

(জ) 'টাইটেলটা ভুল করেছে' — বক্তা কে?

(i) অত্র

(ii) সুজাতা

(iii) সনাতন

(iv) জগন্নাথ

(ঝ) মাসির চামড়ার ব্যাগটির রঙ কেমন?

(i) সাদা

(ii) লাল

(iii) কালো

(iv) সবুজ

(ঞ) 'বল্ ঠিক কোন্ কারণে, তুই পড়ে আছিস ওখানে।' উক্তিটি কে করেছেন?

(i) মালাদি

(ii) মিলিদি

(iii) শিউলিদি

(iv) জয়াদি

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো পাঁচটি)

২×৫=১০

(ক) 'হামনিকের মাঙ পুরা কর' — 'হামনিকের' এবং 'মাঙ' শব্দ দুটির অর্থ লেখো।

(খ) 'উদ্বাস্তুর ডায়েরি' কবিতাটিতে কবির খুল্লতাত ভাইদের নাম উল্লেখ করো।

(গ) 'মা বাথরুমে যাব' — উক্তিটি কে, কাকে উল্লেখ করে বলেছেন?

(ঘ) আমিরুদ্দিন নাগরিকত্বের প্রমাণ দেওয়ার তারিখ ও স্থানের নাম উল্লেখ করো।

(ঙ) 'ঘুম ভাঙানিয়া' গল্পে উল্লেখিত দু'জন অবসরপ্রাপ্ত বৃদ্ধের নাম উল্লেখ করো?

(চ) 'তোর ব্লাউজ কোয়েলের ঠিক হবে, মনে হচ্ছে' — কে, কাকে উদ্দেশ্য করে এ কথা বলেছেন?

(ছ) 'এই আমার শেষ নির্বাচন' — বক্তা কে, কাকে এ কথা বলেছেন?

৩। নিম্নলিখিত যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : ৫×৬=৩০

(ক) 'সাক্ষীকে লোপাট করে দেওয়া এমন কিছু না।' অংশটুকু কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? কাকে উদ্দেশ্য করে কে এ কথা বলেছেন? একথা বলার কারণ কী?

(খ) সপ্রসঙ্গে ব্যাখ্যা করো :
'রুটি ও গোলাপফুল জীবনের একটি শাখায়'।

- (গ) 'শিলচর শহরের বিস্মৃতপ্রায় ইতিহাস' সম্পর্কে অতি সংক্ষেপে লেখো।
- (ঘ) "তোমার কেসটা জটিল হে, কোনো ডকুমেন্টই তো তুমি দেখাতে পারছ না।" কে, কাকে উদ্দেশ্য করে এ কথা বলেছে? বক্তার এ কথা বলার কারণ কী?
- (ঙ) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকে পঙ্কজের 'বাবা' ও 'মা'র সম্পর্কে আলোচনা করো।
- (চ) সপ্রসঙ্গে ব্যাখ্যা করো :
"বাঃ, বেশ সুন্দর বাংলা বলছেন তো।"
- (ছ) 'ঘুম ভাঙানিয়া' গল্পে মাসীর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (জ) 'শব্দহীন একটা গাছের গায়ে অন্ধকার ফাড়া কুড়াল আছড়ে পড়ল।' — ব্যাখ্যা করো।
- (ঝ) অত্র কিভাবে চিঠি পড়ে সে সম্পর্কে তোমার নিজের ভাষায় অতি সংক্ষেপে আলোচনা করো।
- (ঞ) 'এপ্রিল সকালে সোনালি রোদের ঢল নেমেছে' — সপ্রসঙ্গে ব্যাখ্যা করো।

- ৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- (ক) 'পিতৃঋণ' গল্পের বিষয়বস্তু তোমার নিজের ভাষায় আলোচনা করো।
- (খ) 'ছমকির পর যা ঘটে' গল্পটিতে অত্র চরিত্রটি সংক্ষেপে লেখো।
- (গ) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটক অবলম্বনে নাট্যকার প্রদ্যোত চক্রবর্তীর নাট্য-প্রতিভার পরিচয় দাও।
- (ঘ) 'মা তুমি শিগগির ফিরে এস' কবিতাটির সারমর্ম নিজের ভাষায় লেখো।
- ৫। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৪
- (ক) 'দূরে, নদীপারে নৌকা থামার শব্দে সজাগ হয় আমিরুদ্দিন।' — উক্তিটির মাধ্যমে আমিরুদ্দিনের জীবনের যে বাস্তবচিত্র ধরা পরেছে তা নিজের ভাষায় আলোচনা করো।
- (খ) 'সুখরঞ্জনের নথিপত্র' নাটকটির বিষয়বস্তু বিশ্লেষণ করো।
- (গ) 'উদ্বাস্তর ডায়েরি' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।